মুজিব শতবর্ষ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৪ শাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
www.erd.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২২ জুন ২০২১ খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে ২৫০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Capital Resources ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকার পক্ষে মিজ ফাতিমা ইয়াসমিন, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি পক্ষে Mr. Manmohan Parkash, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন এই Policy Based Loan স্বাক্ষর করেন।

অর্থ বিভাগের আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়িতব্য Strengthening Social Resilience Programme (Sub programme 1) শীর্ষক এ কর্মসূচির Policy Reform area সমুহ নিম্নরূপ-

ক) সামাজিক নিরাপত্তাবেষ্টনির ক্ষেত্র ও কার্যকারিতা বৃদ্ধি

খ) অর্থনৈতিক কার্যক্রমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অধিকতর অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ

গ) সামাজিক ও স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট চাহিদা সমূহের ব্যবস্থাপনা জোরদারকরণ

এ কর্মসূচি করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশের সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব উত্তরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আর্থিক প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করবে। ঋণচুক্তি অনুযায়ী এ কর্মসূচীর কার্যক্রম সম্ভাব্য ৩০ জুন ২০২১ এ সমাপ্ত হবে। আগামী অর্থবছরে এই কর্মসূচির পরবর্তী কার্যক্রম হিসেবে Sub programme 2 এর আওতায় ২৫০ মিলিওন মার্কিন ডলার এর আরও একটি ঋণচুক্তি স্বাক্ষর হবে বলে আশা করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, গত বছরের মে মাসে Covid 19 Active response and expenditure support programme শীর্ষক ৫০০ মিলিওন মার্কিন ডলার এর একটি ঋণচুক্তি এডিবি এর সাথে স্বাক্ষরিত হয় যা কোভিড ১৯ মহামারির কারণে সম্ভাব্য অর্থনৈতিক মন্দা উত্তরণে বাজেট সাপোর্ট হিসেবে ব্যবহৃত হচ্ছে।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে এর সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা তাদের আর্থিক সহায়তার একটি বড় অংশ বাংলাদেশকে প্রদান করে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৫.০০ বিলিয়ন মার্কিন ডলারের ঋণসহায়তা এবং ১.২১ বিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানতঃ বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ এবং সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয়।

**মাহমুদুল ইসলাম খান**
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার